তথ্য ও পরিসংখ্যান




# বাংলাদেশে আইসিআরসি

## জানুয়ারী থেকে ডিসেম্বর ২০২৪

আন্তর্জাতিক রেড ক্রস কমিটি একটি নিরপেক্ষ, পক্ষপাতহীন এবং স্বতন্ত্র প্রতিষ্ঠান যার মানবিক লক্ষ্য হলো সশস্ত্র সংঘাত এবং অন্যান্য সহিংসতায় ক্ষতিগ্রস্ত মানুষের জীবন ও মর্যাদা সুরক্ষা করা এবং সহায়তা প্রদান করা। বাংলাদেশে, আমরা জীবন রক্ষাকারী সহায়তা প্রদান এবং সহিংসতায় ক্ষতিগ্রস্ত কমিউনিটির চাহিদা পূরণের জন্য বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির (বিডিআরসিএস) সাথে ঘনিষ্ঠভাবে কাজ করি। আমরা আন্তর্জাতিক মানবিক আইন সম্পর্কে জ্ঞান এবং এর প্রতি শ্রদ্ধাশীল হবার প্রচারণা করি।

২০২৪ সালে আমাদের কার্যক্রমের উল্লেখযোগ্য বিষয় গুলি উপস্থাপন করছি:

৬টি কারাগারে **২০,০০০** এরও বেশি বন্দী পরিদর্শন করা হয়েছে এবং সুপারিশগুলি গোপনীয়তার সাথে যথাযথ কর্তৃপক্ষকে প্রদান করা হয়েছে

**১৬**টি প্রশিক্ষণ সেশনের মাধ্যমে স্বাস্থ্য সচেতনতা বিষয়ে ৯৩ জন কারাবন্দিকে প্রশিক্ষিত করা হয়েছে

**৭৬** জন কারারক্ষী এবং **৯** জন স্বাস্থ্য কর্মীদের স্ক্যাবিস ম্যানেজমেন্ট কোর্সে স্ক্যাবিস সচেতনতার উপর প্রশিক্ষিত করা হয়েছে

**২**টি কারাগারের ফার্মেসিগুলোকে ওষুধ সংরক্ষণের উপকরণ প্রদান করা হয়েছে এবং ৩টি কারাগারে চিকিৎসা সরঞ্জাম প্রদান করা হয়েছে

**৩৬** জন কারা ব্যবস্থাপক যার মধ্যে সিনিয়র সুপারিনটেনডেন্ট থেকে ডেপুটি জেলার পর্যন্ত নিরাপদ এবং মানবিক কারা ব্যবস্থাপনার উপর তিন দিনের প্রশিক্ষণে যোগদান করেছেন

**৪৩৫** জন নিখোঁজ ব্যক্তিদের পরিণতি এবং অবস্থান নিশ্চিত করা হয়েছে

**২৮** জন স্বাস্থ্যসেবা কর্মী জরুরী চিকিৎসা সেবা সংক্রান্ত প্রশিক্ষণ পেয়েছেন, যারা হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এবং হাসপাতাল কর্মরত এবং ৭টি জেলার কারাগারে কর্মরত ১৩ জন স্বাস্থ্যসেবা কর্মী জরুরী চিকিৎসা সেবা সংক্রান্ত প্রশিক্ষণ পেয়েছেন

**১১** জন স্বাস্থ্যসেবা কর্মী জরুরী চিকিৎসা সেবা বিষয়ক প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন,যারা হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ এবং হাসপাতালে কর্মরত

বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি জেলার **৪৮** জন কমিউনিটি সদস্য এবং ৩০ জন কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার-কে প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণে প্রশিক্ষণ দেওয়া হয়েছে

বিডিআরসিএসের ৯৬ জন যুব স্বেচ্ছাসেবক জরুরী চিকিৎসা সেবা বিষয়ক প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে, ৩০ জন স্বেচ্ছাসেবক জরুরী চিকিৎসা সেবা বিষয়ক প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে এবং পার্বত্য চট্টগ্রামের ৩০ জন স্বেচ্ছাসেবক জরুরী চিকিৎসা সেবা বিষয়ক প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে

বিডিআরসিএসের **৯**টি ইউনিট থেকে প্রাথমিক চিকিৎসা দলের ২৬০ জন স্বেচ্ছাসেবক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় মোতায়েন করে মোট ১,৭২০ জনকে প্রাথমিক চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে

**১,৬০৮** জন ব্যক্তি টঙ্গীতে আয়োজিত বিশ্ব ইজতেমাকালীন সময়ে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি পরিচালিত ভ্রাম্যমান স্বাস্থ্যসেবা টিমের মাধ্যমে চিকিৎসা সেবা পেয়েছেন

বিডিআরসিএসের **১২**টি ইউনিট
পার্বত্য চট্টগ্রামের ৩০টি কমিউনিটি ক্লিনিক, রংপুরের ১৫টি পুলিশ স্টেশন, পক্ষাঘাতগ্রস্থদের পুনর্বাসন কেন্দ্র এবং হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতালে নিম্নলিখিত প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম প্রদান করা হয়েছে

- **৫৫৮**টি চিকিৎসা সরঞ্জাম
- **৪,৬৮৪**টি প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম
- **১০,৪৭৪**টি সুরক্ষা সামগ্রী
- **২**টি সিপিআর ম্যানিকিন
- **৭৬**টি প্রাথমিক চিকিৎসা রেসপন্ডার ব্যাগ
- **১**টি মাল্টিমিডিয়া সিস্টেম

কক্সবাজার জেলা কারাগারে **২,৯২৫** জন বন্দি এবং কর্মকর্তা পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প থেকে উপকৃত হয়েছে, যা পর্যাপ্ত এবং নির্ভরযোগ্য পানি সরবরাহ সেবা নিশ্চিত করেছে

**৬৮৯**টি রেড ক্রস বার্তা বা মৌখিক বার্তা বিনিময় করা হয়েছে বিচ্ছিন্ন পরিবারের সদস্যদের মধ্যে যোগাযোগ পুনঃস্থাপন করার জন্য

বিডিআরসিএসের **১৪**টি প্রাথমিক চিকিৎসা দল সংঘাতপূর্ণ এবং জরুরী পরিস্থিতিতে এবং জাতীয় নির্বাচনের দিনে সেবা প্রদানের জন্য নিয়োজিত ছিল

**৯২ জন প্রতিবন্ধী ব্যক্তি** আইসিআরসি-সমর্থিত ক্রীড়া প্রশিক্ষণ সেশন এবং সামাজিক অন্তর্ভুক্তি বৃদ্ধির জন্য আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন

**২৪ জন সিআরপি কর্মী** প্রাথমিক ব্যবস্থাপনা ও প্রযুক্তিগত মূল্যায়ন প্রশিক্ষণ, ক্ষতিগ্রস্ত মানুষের প্রতিক্রিয়া এবং সরবরাহ শৃঙ্খলা ব্যবস্থাপনার বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করেছেন

**১১৫ জন অংশগ্রহণকারী,** যাঁদের মধ্যে ক্ষতিগ্রস্ত মানুষ এবং অংশীদার সংস্থার প্রতিনিধিরা অন্তর্ভুক্ত, সিআরপির সমন্বয়ে আয়োজিত "মাইক্রো ইকোনমিক ইনিশিয়েটিভ" প্রকল্প বাস্তবায়ন বিষয়ক ২টি কর্মশালায় অংশগ্রহণ করেছেন

**বিডিআরসিএস-এর সাথে আয়োজিত পার্বত্য চট্টগ্রামে জীবিকা সহায়তা কর্মসূচি বাস্তবায়নের উপর ৪টি শিক্ষামূলক কর্মশালায়** ক্ষতিগ্রস্ত মানুষ, কমিউনিটি উন্নয়ন কমিটি, কমিউনিটি সংগঠক এবং বিডিআরসিএস এবং আইসিআরসি-এর প্রতিনিধি সহ ১৪০ জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করেছেন

**৫১৩ জন সামরিক বাহিনীর কর্মকর্তা** আন্তর্জাতিক মানবিক আইন বিষয়ক প্রশিক্ষণ নিয়েছেন

**২ জন উর্ধ্বতন সামরিক কর্মকর্তা** ইন্দোনেশিয়াতে নৌ যুদ্ধ সংক্রান্ত সম্মেলন এবং আজারবাইজানে উর্ধ্বতন সামরিক কর্মকর্তাদের কর্মশালায় অংশগ্রহণ করেন

**৮ জন সরকারী জ্যেষ্ঠ কর্মকর্তা এবং শিক্ষাবিদ** আন্তর্জাতিক মানবিক আইন সম্পর্কিত বিভিন্ন ইভেন্ট এবং কনফারেন্সে দেশে বিদেশে প্রতিনিধিত্ব করেছেন

**২৪৫ জন প্রশিক্ষণার্থী বিচারক, কূটনীতিক, এনজিও প্রতিনিধি, এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ** কর্মশালায় অংশগ্রহণ করে আন্তর্জাতিক মানবিক আইন সম্পর্কে তাদের ধারণাকে শক্তিশালী করেছেন

**১৫তম হেনরি ডুনান্ট মুট কোর্ট প্রতিযোগিতায় ১৬টি বিশ্ববিদ্যালয়** জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করেছে

**১৩৯ জন প্রাথমিক চিকিৎসা, ডাক্তার এবং বিডিআরসিএস স্বেচ্ছাসেবক** যারা আইসিআরসির সাথে বিভিন্ন প্রশিক্ষণ এবং সেশনে অংশ নিয়েছিলেন তাদের যৌন সহিংসতা বিষয়ক প্রাথমিক ধারণা এবং যৌন সহিংসতার শিকার/সারভাইভারদের প্রতি কীভাবে প্রতিক্রিয়া জানাতে হবে সে বিষয়ে অবহিত করা হয়েছে

**বিডিআরসিএসের ১০ জন প্রশিক্ষণ বিভাগের কর্মকর্তা** নিরাপদ অভিগম্যতার উপরে আয়োজিত সেশনে অংশগ্রহণ করেছেন

**১,৩৫৫ জন বিডিআরসিএস এর এক্সিকিউটিভ সদস্য, কর্মী ও স্বেচ্ছাসেবক** সংস্থার ম্যান্ডেট, রেড ক্রস আন্দোলনের মৌলিক নীতিমালা ও নিরাপদ অভিগম্যতার উপরে আয়োজিত সেশনে অংশগ্রহণ করেছেন

**৬২ জন বিডিআরসিএস এর কর্মী এবং স্বেচ্ছাসেবককে** ২টি সেশনের মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণে সাইবার-সিকিউরিটি, এআই এবং তথ্য সুরক্ষা অন্তর্ভুক্ত ছিল

**৯০ জন বিডিআরসিএস স্বেচ্ছাসেবককে** কীভাবে পারিবারিক যোগাযোগ পুনঃস্থাপন সেবা প্রদান করতে হয় সে সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হয়েছে

**২,৯০০ জন প্রতিবন্ধী মানুষ** প্রস্থেসিস এবং অর্থোসিস এবং ফিজিওথেরাপি সেবা পেয়েছেন

**৪৬০ জন পুলিশ কর্মকর্তা** শক্তি ও অস্ত্রের ব্যবহার, আচরণবিধি এবং আন্তর্জাতিক পুলিশিং আইন এবং মানদন্ড সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করেছেন

**৫৭৫ জন সুবিধাভোগীকে** পার্বত্য চট্টগ্রামের তিনটি জেলায় ৫৬টি স্বাস্থ্য সচেতনতা বিষয়ক সেশনের মাধ্যমে স্বাস্থ্য সচেতন করা হয়েছে এবং ১০৬ টি স্বাস্থ্যবিধি সামগ্রী প্রদান করা হয়েছে




Cover Photo: M. SHABIR/ICRC


facebook.com/icrcbgd
twitter.com/icrc_bd
instagram.com/icrc
www.icrc.org/bd

**International Committee of the Red Cross**
House 72, Road 18, Block J, Banani
Dhaka 1213, Bangladesh
Tel: +8809638004001, +8809638004003
Email: dhaka@icrc.org


© ICRC, April 2025



**ICRC Cox's Bazar Office**
Crescent Bay Resort,
Apartment – 501, Plot 44,
Block A, Kolatoli, Light House
Cox's Bazar 4700, Bangladesh


ICRC